



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/বিঅ/১৪/২০১৭/ ৩০৩৯


তারিখঃ ০৭/১২/২০১৭ খ্রি.

বিষয়ঃ কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ ১৬/১১/২০১৭ ইং তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার সদর উপজেলাধীন ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত কর্মকর্তার প্রতিবেদনে দেখা যায়, সভাপতির কার্যক্রম বিদ্যালয়ের স্বার্থ পরিপন্থি এবং বিদ্যালয়ের সুনাম নষ্ট হচ্ছে। এ ছাড়া বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির অন্যান্য সদস্যরা সভাপতির সাথে কাজ করতে ইচ্ছুক নয় মর্মে তারা পদত্যাগ করেন। সভাপতি বিদ্যালয়ের স্বার্থ বিরোধী কার্যক্রম করার কারণে এবং সদস্যদের পদত্যাগজনিত কারণে কেন অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া হবেনা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করার জন্য বলা হলো।


০২। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই পত্র ইস্যু করা হলো।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

barisalboard@gmail.com

- ০১। সভাপতি
ম্যানেজিং কমিটি
ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়
কাশিপুর, বরিশাল সদর, বরিশাল।
- ০২। প্রধান শিক্ষক/সম্পাদক
ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়
কাশিপুর, বরিশাল সদর, বরিশাল।


০৭/১২/১৭

বিতরণঃ

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, বরিশাল সদর, বরিশাল
০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরিশাল সদর, বরিশাল
০৩। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক
০৪। সংরক্ষণ নথি